

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর
বগুড়া সদর, বগুড়া।

Web: dls.sadar.bogra.gov.bd

স্মারকনং-৩৩.০১.১০২০.০০০.০৮.০০১.২০২১.১০৭

তারিখঃ- ১৬/০২/২০২১ইং।

“অফিস আদেশ”

উপর্যুক্ত বিষয়ের আলোকে অত্র দপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মচারীদের জানানো যাচ্ছে যে, কতিপয় কর্মচারী মাঠ পর্যায়ে সেবা প্রদানের ক্ষেত্রে বিভিন্ন ধরনের ভিজিটিং কার্ড এবং সেবা প্রদানে ব্যবস্থাপত্র ব্যবহার করছেন যেখানে “ডাক্তার” , “পশু ডাক্তার”, “পল্লী চিকিৎসক” ইত্যাদি যুক্ত করেছেন যাহা বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন, ২০১৯ এর ১৭ ধারা মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ। এমতাবস্থায়, অত্র দপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মচারীদের ব্যবহৃত ভিজিটিং কার্ড ও সেবা প্রদান ব্যবস্থাপত্র (যদি থাকে) তাহা সংশোধন পূর্বক আগামী (০৭) সাত দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী দপ্তরে একটি ফটোকপি জমা দেওয়ার জন্য বিশেষভাবে বলা হলো।

পত্রের সংযুক্ত আইন এর গেজেট আপনার কর্ম-এলাকায় যাহারা এই ধরনের কাজের সাথে সংশ্লিষ্ট রয়েছেন তাদের অবহিতকরণ ও নির্দেশনা প্রদান করার জন্য বলা হলো।


বিষয়টি অতীব জরুরী।

প্রাপক,

.....
.....

সংযুক্তিঃ

১. বাংলাদেশ গেজেট।


(ডাঃ মোঃ আব্দুস সামাদ)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বগুড়া সদর, বগুড়া।

সদয় অবগতির জন্য-

১. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বগুড়া।
২. অফিস কপি।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বগুড়া সদর, বগুড়া।